

সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫২৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫২৮]

পর্ব-১৭: ইস্তিস্কা (বৃষ্টির জন্যে দু'আ করা) (كتاب الاستسقاء)

পরিচ্ছেদঃ ১৭: বৃষ্টির কারণে ক্ষতির আশংকা হলে তা বন্ধ করার জন্যে ইমামের দু'আ করা

باب مَسْأَلَةِ الْإِمَامِ رَفْعَ الْمَطَرِ إِذَا خَافَ ضَرَرَهُ

আরবী

أَخْبَرَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ، قَالَ: حَدَّثَنَا حُمَيْدٌ، عَنْ أَنَسٍ، قَالَ: قَحَطَ الْمَطَرُ عَامًا، فَقَامَ بَعْضُ الْمُسْلِمِينَ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي يَوْمِ جُمُعَةٍ، فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ، قَحَطَ الْمَطَرُ وَأَجْدَبَتِ الْأَرْضُ وَهَلَكَ الْمَالُ، قَالَ: فَرَفَعَ يَدَيْهِ وَمَا نَرَى فِي السَّمَاءِ سَحَابَةً، فَمَدَّ يَدَيْهِ حَتَّى رَأَيْتُ بَيَاضَ إِبْطِيهِ يَسْتَسْقِي اللَّهُ عَزَّ وَجَلَّ، قَالَ: فَمَا صَلَّيْنَا الْجُمُعَةَ حَتَّى أَهَمَّ الشَّابَّ الْقَرِيبَ الدَّارِ الرَّجُوعُ إِلَى أَهْلِهِ فَدَامَتْ جُمُعَةٌ، فَلَمَّا كَانَتْ الْجُمُعَةُ الَّتِي تَلِيهَا، قَالُوا: يَا رَسُولَ اللَّهِ، تَهَدَّمَتِ الْبُيُوتُ وَاحْتَبَسَ الرُّكْبَانُ، قَالَ: فَتَبَسَّمَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِسُرْعَةِ مَلَائَةِ ابْنِ آدَمَ وَقَالَ بِيَدَيْهِ: اللَّهُمَّ حَوَالَيْنَا وَلَا عَلَيْنَا فَتَكَشَّطَتْ عَنِ الْمَدِينَةِ .

تخریج دارالدعوه: تفرد به النسائي، (تحفة الأشراف: ۵۹۶)، مسند احمد ۲/۱۰۴ (صحيح الإسناد)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1528 - صحيح الإسناد

বাংলা

১৫২৭. 'আলী ইবনু হুজর (রহ.) আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন (একবার) এক বৎসর বৃষ্টি বন্ধ হয়ে গেল, তখন কোন কোন মুসলিম জুমু'আর দিন রসূলুল্লাহ (সা.) -এর সামনে দাড়িয়ে গেল এবং বলল, হে আল্লাহর রসূল (সা.)! বৃষ্টি বন্ধ হয়ে গেছে এবং জমিন শুকিয়ে গেছে আর গবাদি পশুগুলো দুর্বল হয়ে গেছে। রাবী বলেন, তিনি তখন তার উভয় হাত উঠালেন। তখন আমরা আকাশে কোন মেঘ দেখছিলাম না। তিনি

তার দু' হাত এমনিভাবে প্রসারিত করলেন যে, আমি তাঁর উভয় বগলের শুভ্রতা দেখতে পেলাম। তিনি আল্লাহর কাছে বৃষ্টির জন্যে দু'আ করছিলেন। আনাস (রাঃ) বলেন, আমরা জুমু'আর সালাত আদায় করে উঠতে পারিনি, ইত্যবসরে (বৃষ্টির আধিক্য হেতু) কাছের ঘরের যুবকেরা তাদের ঘরে ফিরে যেতে উদ্যত হয়ে গেল। বৃষ্টি এক সপ্তাহ স্থায়ী হলো। যখন পরবর্তী জুমু'আর দিন আসলো, লোকেরা বলল, হে আল্লাহর রসূল (সা.!)! (বৃষ্টির আধিক্য হেতু) ঘর-বাড়ি তো ধীরে ধীরে ধ্বংস হয়ে যাচ্ছে, আরোহীরা আটকা পড়েছে। তিনি বলেন, তখন তিনি ইবনু আদম-এর দ্রুত বিষন্নতার কারণে মুচকী হাসলেন এবং তাঁর হাত দিয়ে ইঙ্গিত করে বললেন, হে আল্লাহ! তুমি বৃষ্টি আমাদের আশেপাশে বর্ষণ কর, আমাদের ওপরে নয়। তখন মেঘ মদীনাহ থেকে ছিন্নভিন্ন হয়ে গেল।

English

Imam asking for rain to be stopped if he fears that it may cause harm

It was narrated that Anas said: There was no rain for a year, so some of the Muslims went to the Prophet (ﷺ) one Friday and said: 'O Messenger of Allah, there has been no rain; the land has become bare and our wealth has been destroyed.' He raised his hands, and we did not see any cloud in the sky. He stretched forth his hands until I could see the whiteness of his armpits, praying to Allah (SWT) for rain. When we finished praying Jumu'ah, even a young man whose house nearby was worried about how he would get home. That lasted for a week, then on the following Friday they said: 'O Messenger of Allah, houses have been destroyed and all travel has been ceased.' The Messenger of Allah (ﷺ) smiled at how quickly the sons of Adam become weary, and he said with his hands raised: 'O Allah, around us and not on us,' and it dispersed from Al-Madinah.

ফুটনোট

সহীহঃ বুখারী'র “আদাবুল মুফরাদ” ৬১২, নাসায়ী'র “সুনানুল কুবরা”, ১৮৩৮, সহীহ ইবনু খুযায়মাহ ১৭৮৯, মুসনাদে আহমাদ ১২০৩৮। [দ্রঃ ১৫১৫]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90023>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন